গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২৪ মার্চ, ২০২৫ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৪/০৩/২০২৫ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব অতনু বড়ুয়া এর নেতৃত্বে সাভার বাসস্ট্যান্ড ও নামা বাজার এলাকায় ২টি রেস্টুরেন্ট এবং ৩টি মিষ্টি তৈরির কারখানায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

প্রথমেই নামা বাজারের ভিতরে অবস্থিত মনা সাহা ও কালী সাহা নামক দুইটি মিষ্টি তৈরির কারখানা পরিদর্শনকালে পরিষ্কার-পরিচ্ছনতার ঘাটতি পরিলক্ষিত হয়, আগের দিনের জমানো গাদ ময়লা অবস্থায় খোলাভাবে মজুদ করতে দেখা যায়।

পরবর্তীতে সাভার বাসস্ট্যান্ডে নিতাই হোটেল, নিহারিকা হোটেলে ও বাফেট লাউঞ্জ পরিদর্শনকালে লেবেলবিহীন বেশকিছু খাদ্যপণ্য মজুদ করতে দেখা যায় এবং কর্মচারীদের স্বাস্থ্য সনদ, পরিবেশের ছাড়পত্র ও রেস্তোরাঁ নিবন্ধন সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থাপক ও মালিকদের বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাদের অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় মনিটরিং অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কম্পলায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম উদ্দিন, মনিটরিং অফিসার; জনাব মো: মোজাম্মেল হোসেন, নিরাপদ খাদ্য পরিদর্শক ও অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

২৪.০৩.২০২৫

বি. এম রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। অফিস কপি।